রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২১ সনের ২৩ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১০, ২০২১

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩০১—৩১১ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৪৮৭—৫১৮ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৭১৭—৭৯৯ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৩ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ/০৮ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০২৮.১৭-১৪৬**—পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর ধারা ১১(১)(ঙ) অনুযায়ী 'গ্রামীণ অর্থনীতি, মাইক্রো ফাইন্যান্স, হিসাব বিজ্ঞান এবং পল্লী ও দারিদ্র বিমোচন' ক্যাটাগরিতে জনাব মাহতাব জাবিন, ব্যবস্থাপনা পরিচালক (পিআরএল), প্রবাসী কল্যাণ ব্যাংক-কে পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা পর্ষদে তাঁর যোগদানের তারিখ থেকে পরিচালক হিসেবে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০২৮.১৭-১৪৭**—পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর ১১(১)(ক) ধারা অনুযায়ী পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা পর্ষদে 'আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রতিনিধি' ক্যাটাগরিতে নিয়োগপ্রাপ্ত পরিচালক জনাব জাকিয়া সুলতানা এর স্থলে জনাব মোঃ হারুন অর রশিদ মোল্লা, অতিরিক্ত সচিব-কে উক্ত ব্যাংকের পরিচালনা পর্ষদে তাঁর যোগদানের তারিখ থেকে পরিচালক হিসেবে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০১০.১৭-১৪৮**—আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক আইন, ১৯৯৫ এর ৯(১)(খ) ও ৯(৪) ধারা অনুযায়ী আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক সৈয়দ মোঃ মতলুবুর রহমান-এর স্থলে ড. আর. এম. (রমনী মোহন) দেবনাথ,

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd

সদস্য, সাধারণ পরিষদ, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-কে তাঁর যোগদানের তারিখ থেকে ০২ (দুই) বছর মেয়াদের জন্য উক্ত ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**সলিসিটর অনুবিভাগ (জিপি/পিপি শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১০ মার্চ ২০২১ খ্রিঃ

নং **০২-সলিসিটর/২০০৯-৩৩**—মহামান্য রাষ্ট্রপতি ডেপুটি অ্যাটর্নি জেনারেল জনাব দেবাশীষ ভট্টাচার্য্য কর্তৃক দাখিলকৃত পদত্যাগপত্রটি গ্রহণ করিয়াছেন।

২। ইহা তাহার পদত্যাগের তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রুনা নাহিদ আকতার**
সলিসিটর।

---

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ১১ মার্চ ২০২১ খ্রিঃ

নং **বিচার-৭/২-এন-০৯/২০১২-৬৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোঃ আব্দুশ শাকুর, পিতা-মোঃ মতাহির আলী, মাতা-নছিরা খাতুন, গ্রাম-রাজনগর, ডাকঘর-মাতুরতল বাজার, উপজেলা-গোয়াইনঘাট, জেলা-সিলেট)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিলেট জেলার গোয়াইনঘাট উপজলোর ০২নং পশ্চিম জাফলং ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শফিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**পর্যটন-১ অধিশাখা**

**সংশোধিত প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ ফাল্গুন ১৪২৭/০৩ মার্চ ২০২১

নং **৩০.০০.০০০০.০১৫.১১.০০১.২০-৭৯/৮৫**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পুনরাদেশ না দেওয়া পর্যন্ত অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ ফজলুল বারী এর পরিবর্তে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মাহমুদা খাতুন-কে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল)-এর পরিচালনা পর্যদের পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হইল।

০২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

০৩। প্রজ্ঞাপনটি অত্র মন্ত্রণালয় হইতে গত ২৮-০২-২০২১ খ্রিঃ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং-৩০.০০.০০০০.০১৫.১১.০০১.২০.৬৯/৭৬ এর স্থলাভিষিক্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শামীমা নাসরীন**
উপসচিব।

---

**নৌপরিবহন মন্ত্রণালয়**
**নৌশিক্ষা ও প্রশিক্ষণ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ ফাল্গুন ১৪২৭/১৭ ফেব্রুয়ারি ২০২১

নং **১৮.০০.০০০০.০১৭.০০৬.০৪.১৬-৬৭**—নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে ০৩-০৯-২০২০ খ্রিঃ তারিখে ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটের সার্বিক উন্নয়ন, আর্থিক ও প্রশাসনিক বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রজ্ঞাপন নং-১৮.০০.০০০০.০২৪.০৬.০০১.১৯-২৪ তারিখ ১৯-০১-২০২০ বাতিলক্রমে ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট এর জন্য নিম্নোক্ত কর্মকর্তা/প্রতিনিধির সমন্বয় উপদেষ্টা কমিটি (Advisory Committee) পুনঃগঠন করা হলো :—

**সভাপতি**

১. সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা

**সসদ্যবৃন্দ**

২. অতিরিক্ত সচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা
৩. চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম
৪. মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা
৫. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম
৬. কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম
৭. জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিচে নয়)
৮. অর্থ মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিচে নয়)
৯. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের একজন প্রতিনিধি
১০. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের একজন প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নিচে নয়)
১১. প্রতিনিধি, বাংলাদেশ জাহাজ মালিক সমিতি

**সদস্য-সচিব**

১২. অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।

২। উপদেষ্টা কমিটির কার্যপরিধি নিম্নরূপ :

(ক) ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটকে একটি উন্নতমানের নৌপ্রশিক্ষণ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে দিক নির্দেশনা প্রদান;

(খ) ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটকে প্রশাসনিক কাজে বিদ্যমান বাধাসমূহ দূরীকরণে এবং আর্থিক বিষয়ে দিক-নির্দেশনা প্রদান;

(গ) প্রশিক্ষণের মান এবং প্রশিক্ষণার্থীদের মূল্যায়ন;

(ঘ) প্রশিক্ষণের কার্যকারিতা মূল্যায়ন।

৩। সভাপতিসহ চারজন সদস্য উপস্থিত থাকলে কোরাম পূর্ণ হবে।

৪। সভাপতির নির্দেশনাক্রমে কমিটি নিয়মিতভাবে প্রতি তিন মাস অন্তর এবং প্রয়োজনে সভাপতির নির্দেশনায় যে কোনো সুবিধাজনক সময়ে মিলিত হয়ে প্রতিষ্ঠানের কার্যকলাপ নিয়ে আলোচনা/সিদ্ধান্ত গ্রহণ করবে।

৫। ভবিষতে উপদেষ্টা কমিটিতে আলোচনা ছাড়া কমিটি পুনঃগঠন করা যাবে না।

৬। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**রেবেকা সুলতানা**
উপসচিব।

---

**উন্নয়ন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ চৈত্র ১৪২৭ বঃ/১৬ মার্চ ২০২১ খ্রিঃ

নং **৫৪.০০.০০০০.০১৪.১৪.০১৮.২০১৯-৮৯/১**—'আখাউড়া-আগরতলা ডুয়েলগেজ রেল সংযোগ (বাংলাদেশ অংশ)' প্রকল্পের আওতায় ভূমি অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের পুনর্বাসন সুবিধা প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত কমিটিসমূহ নির্দেশক্রমে গঠন করা হলো :

(১) সম্পত্তির হিসাব ও মূল্য নিরূপণ কমিটি (Property Assessment and Valuation Committee-PAVC) :

| | | | |
|---|---|---|---|
| ক. | প্রকল্পের উর্ধ্বতন উপ-সহকারী প্রকৌশলী অথবা পিডি কর্তৃক মনোনীত কর্মকর্তা | : | আহ্বায়ক |
| খ. | পিএমসি (PMC) এর এ্যাসিসটেন্ট জেনারেল ম্যানেজার বা সমপর্যায়ের কর্মকর্তা | : | সদস্য |
| গ. | সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মনোনীত প্রতিনিধি (কানুনগো/সার্ভেয়ার) | : | সদস্য |
| ঘ. | পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নকারী সংস্থা/প্রতিষ্ঠানের এরিয়া ম্যানেজার | : | সদস-সচিব |

(১.১) সম্পত্তির হিসাব ও মূল্য নিরূপণ কমিটির (PVAC) কার্যপরিধি :

'আখাউড়া-আগরতলা ডুয়েলগেজ রেললাইন নির্মাণ (বাংলাদেশ অংশ)' প্রকল্পের সম্পত্তির হিসাব ও মূল্য নিরূপণ কমিটি নিম্নলিখিত কার্যাদি সম্পাদন করবে :

ক. পুনর্বাসন পরিকল্পনা প্রণয়নকালে রেলওয়ে কর্তৃক নিয়োগকৃত প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা/প্রতিষ্ঠানের সহায়তায় ক্ষতিগ্রস্ত সম্পদের তালিকা ও আর্থ-সামাজিক জরীপের মাধ্যমে প্রণয়নকৃত ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গের তালিকা ও ক্ষতিগ্রস্ত সম্পদের পরিমাণ এবং অধিগ্রহণ আইনের আওতায় যৌথ জরীপের মাধ্যমে প্রণয়নকৃত ক্ষতিগ্রস্তদের তালিকা ও ক্ষতির পরিমাণ যাচাই, হালনাগাদকরণ এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রে স্বাক্ষরকরণ।

খ. অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্ত ভূমি ও অন্যান্য সম্পদের মূল্য নির্ধারণ, জরীপ পরিচালনার মাধ্যমে বর্তমান বাজার দর সংগ্রহ এবং তদনুযায়ী ভূমি ও অন্যান্য সম্পদের বাজার মূল্য নিরূপণ করা।

গ. রেলওয়ে কর্তৃক প্রস্তাবিত প্রকল্প সীমানায় অবস্থিত রেলওয়ের নিজস্ব বসবাসকারী, খাস জমিতে বসবাসকারী, অবৈধ দখলদার এবং রেলওয়ের জমির ইজারাদার শনাক্তকরণ, তাদের ক্ষয়ক্ষতির পরিমাণ মূল্যায়নের মাধ্যমে বর্তমান বাজারদর নির্ধারণ করা।

ঘ. বর্ণিত প্রকল্পের উপরোক্ত কার্যাবলীর সাথে সম্পর্কিত অন্যান্য কাজ সম্পাদন করা এবং প্রয়োজনীয় কাগজপত্র, প্রতিবেদন সংশ্লিষ্ট প্রকৌশলীর মাধ্যমে প্রকল্প পরিচালকের নিকট দাখিল করা।

(২) অভিযোগ নিরসন কমিটি (Grievance Redress Committee-GRC) : ০২ (দুই) স্তর বিশিষ্ট নিম্নবর্ণিত অভিযোগ নিরসন কমিটি (GRC) :

(২.১) ইউনিয়ন পর্যায়ের প্রস্তাবিত GRC কমিটি :

| | | | |
|---|---|---|---|
| ক. | প্রকল্পের নির্বাহী প্রকৌশলী বা পিডি কর্তৃক মনোনীত কর্মকর্তা | : | আহ্বায়ক |
| খ. | পিএমসি (PMC) এর এ্যাসিসটেন্ট জেনারেল ম্যানেজার বা সমপর্যায়ের কর্মকর্তা | : | সদস্য |
| গ. | স্থানীয় ইউপি চেয়ারম্যান অথবা তার প্রতিনিধি | : | সদস্য |
| ঘ. | ক্ষতিগ্রস্তদের দুইজন প্রতিনিধি (পুরুষ-১ জন, মহিলা-১ জন) | : | সদস্য |
| ঙ. | পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নকারী সংস্থা/প্রতিষ্ঠানের এরিয়া ম্যানেজার | : | সদস্য-সচিব |

(২.২) প্রকল্পের পর্যায়ের প্রস্তাবিত GRC কমিটি :

| | | | |
|---|---|---|---|
| ক. | প্রকল্প পরিচালক | : | আহ্বায়ক |
| খ. | নির্বাহী প্রকৌশলী (প্রকল্প) | : | সদস্য |
| গ. | পিএমসি (PMC) এর টিম লিডার বা সমপর্যায়ের কর্মকর্তা | : | সদস্য |
| ঘ. | টিম লিডার, পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নকারী সংস্থা | : | সদস্য-সচিব |

(২.৩) অভিযোগ নিরসন কমিটির (GRC) কার্যপরিধি : 'আখাউড়া-আগরতলা ডুয়েলগেজ রেললাইন নির্মাণ (বাংলাদেশ অংশ)' প্রকল্পের GRC নিম্নলিখিত কার্যাদি সম্পাদন করবে :

(২.৩.১) ইউনিয়ন পর্যায়ের GRC এর কার্যপরিধি (ToR) :

ক. স্থানীয় পর্যায়ে সামাজিক, স্থানান্তর ও পরিবেশ সংক্রান্ত অভিযোগ মাঠ পর্যায়ের GRC কর্তৃক গৃহীত হবে।

খ. প্রকল্প এলাকায় পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গ, প্রতিষ্ঠান কর্তৃক দায়েরকৃত অভিযোগ গৃহীত হবে।

গ. কোনো অভিযোগ মাঠ পর্যায়ের GRC কর্তৃক গ্রহণ করার প্রথম দিন থেকেই GRC অভিযোগ নিরসন করার চেষ্টা করবে। অভিযোগ নিরসনের ক্ষেত্রে যদি অনুসন্ধান করার প্রয়োজন হয় সেক্ষেত্রে GRC ০৪ (চার) সপ্তাহের মধ্যে তদন্তপূর্বক অভিযোগ নিষ্পত্তি করবে।

ঘ. আইনতঃ মালিক নির্ধারণের ক্ষেত্রে GRC কোনো অভিযোগ গ্রহণ করবে না। শুধুমাত্র জমির আইনত বণ্টন ও ক্ষতিপূরণ পাওয়ার বিষয়গুলো নিয়ে অভিযোগ গ্রহণ করবে।

ঙ. GRC কমিটির সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতে অভিযোগ নিরসন করা হবে।

চ. আদালতের এখতিয়ারাধীন কোনো বিষয় নিয়ে GRC অভিযোগ গ্রহণ করবে না।

ছ. স্থানীয় অভিযোগ নিরসন কমিটি (GRC) কর্তৃক কোনো অভিযোগ বা আপত্তি নিস্পত্তি করা সম্ভব না হলে কমিটি মতামত ও সুপারিশ সহকারে এতদ্‌সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তির জন্য প্রকল্প পর্যায়ের GRC'র নিকট প্রেরণ করবে।

(২.৩.২) প্রকল্প পর্যায়ের GRC এর কর্মপরিধি (ToR) :

ক. স্থানীয় পর্যায়ে GRC কমিটি হতে প্রাপ্ত পুনর্বাসন সম্পর্কিত অমিমাংসিত অভিযোগসমূহ রিভিউ এবং নিরসনকরণ।

খ. স্থানীয় GRC কমিটি হতে প্রাপ্ত বিরোধ বা আপত্তি সংক্রান্ত নথি প্রাপ্তির ৪ (চার) সপ্তাহের মধ্যে অভিযোগ নিরসন করবে।

(২.৪) অভিযোগ গ্রহণ ও নিস্পত্তি করার পদ্ধতি :

(২.৪.১) ইউনিয়ন পর্যায়ের GRC কর্তৃক অভিযোগ নিস্পত্তি পদ্ধতি :

ক. ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের পরিচয়পত্র প্রাপ্তির ১ মাসের মধ্যে অথবা ক্ষতিপূরণ সম্পর্কে জনগণকে অবহিত করার ১ মাসের মধ্যে লিখিতভাবে কমিটির আহ্বায়ক বরাবর অভিযোগকারী আবেদন দাখিল করবে;

খ. কমিটি অভিযোগ প্রাপ্তির ৪ (চার) সপ্তাহের মধ্যে বিষয়টি নিস্পত্তি করবে এবং এতদ্‌সংক্রান্ত যাবতীয় রেকর্ড ও সভার কার্যবিবরণী সংরক্ষণ করবে;

গ. অভিযোগ নিস্পত্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম আহ্বায়ক কার্যালয়ে অনুষ্ঠিত হবে;

ঘ. কমিটি সিদ্ধান্ত গ্রহণ ও সুপারিশের ভিত্তি অবশ্যই উল্লেখ করবে;

ঙ. অভিযোগ নিরসন সংশ্লিষ্ট নিয়মাবলী এবং এ বিষয়ে ক্ষতিগ্রস্তদের অধিকার স্থানীয় GRC কমিটির সভায় এবং পুস্তিকা বিলির মাধ্যমে জনসাধারণের মাঝে প্রচার করবে; এবং

চ. স্থানীয় অভিযোগ নিরসন কমিটি GRC কর্তৃক কোনো অভিযোগ বা আপত্তি নিস্পত্তি করা সম্ভব না হলে কমিটি মতামত ও সুপারিশ সহকারে এতদ্‌সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তির জন্য প্রকল্প পর্যায়ের GRC'র নিকট প্রেরণ করবে।

(২.৪.২) প্রকল্প পর্যায়ের GRC কমিটি কর্তৃক অভিযোগ নিস্পত্তি করার পদ্ধতি :

ক. স্থানীয় GRC কমিটি হতে প্রাপ্ত অনিস্পন্ন বিষয়ে প্রকল্প পর্যায়ের GRC কমিটি ৭ (সাত) দিনের মধ্যে প্রাথমিকভাবে আলোচনা, কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করবে।

খ. প্রয়েজনবোধে পরবর্তী ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে সাইট পরিদর্শন, সাক্ষাৎ গ্রহণ ইত্যাদির মাধ্যমে সংশ্লিষ্ট বিষয়ের বিরোধ নিরসন সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করবে।

গ. পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করবে।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ নাজমুল হক**
উপসচিব।

**পানি সম্পদ মন্ত্রণালয়**
**প্রশাসন-১ শাখা**

**আদেশ**

তারিখ : ০১ পৌষ ১৪২৭/১৭ ডিসেম্বর ২০২০

নং **৪২.০০.০০০০.০৩১.০১৫.২৬০.১৯-৩৮৪**—পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর জন্য অস্থায়ীভাবে রাজস্ব খাতে নিম্নবর্ণিত ২৬ ক্যাটাগরির ৪৭৪ (চারশত চুয়াত্তর)টি পদ ৩১-০৫-২০২১ পর্যন্ত সৃজনে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২০২০ সালের ১৩তম সভার সিদ্ধান্ত (মন্ত্রিপরিষদ বিভাগের ২৮-১০-২০২০ তারিখের স্মারক নং-০৪.০০.০০০০.৭১১.০৬.০১৩.২০.২৬৯), জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৩-১০-২০১১ তারিখের স্মারক নং-০৫.১৫৭.০২৮.০৩.০১.০১৯.২০০৬(অংশ)-২২৭, অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অধিশাখার ০৩-১১-২০১৪ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১২৮.৪২.০১৪.১১-১৩০ এবং অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ০৬-০৫-২০১৫ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১৬৩.৪২.০০২.১২(অংশ)-৮৪; ২০-১০-২০১৫ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১৬৩.৪২.০০২.১২(অংশ)-১৫৮; ০৯-১১-২০১৬ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১৬৩.৪২.০০২.১২(অংশ-২)-১০৫ এবং ০২-০৭-২০১৯ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১৬৪.৪২.০০২.১২ (অংশ-৩)-৭৩ এর নির্দেশনা মোতাবেক আদিষ্ট হয়ে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

| ক্রঃ নং | পদের নাম | অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারণকৃত বেতন (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | মাস্টার ১ম শ্রেণি | টাকা-১১৩০০-২৭৩০০ (গ্রেড-১২) | ৩০ | |
| ২ | ফোরম্যান, যান্ত্রিক/বিদ্যুৎ | টাকা-১১৩০০-২৭৩০০ (গ্রেড-১২) | ২১ | |
| ৩ | লিভারম্যান (২৪") | টাকা-১১৩০০-২৭৩০০ (গ্রেড-১২) | ৯ | |
| ৪ | ড্রাইভার ১ম শ্রেণি | টাকা-১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) | ৪৯ | |
| ৫ | মাস্টার ২য় শ্রেণি | টাকা-১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) | ১১ | |
| ৬ | মাস্টার ৩য় শ্রেণি | টাকা-৯৭০০-২৩৪৯০ (গ্রেড-১৫) | ২৪ | |
| ৭ | ওয়েল্ডার-সি | টাকা-৯৭০০-২৩৪৯০ (গ্রেড-১৫) | ২ | |
| ৮ | স্যান্ড ব্লাস্টার | টাকা-৯৭০০-২৩৪৯০ (গ্রেড-১৫) | ২ | |
| ৯ | ইলেকট্রিশিয়ান-সি | টাকা-৯৭০০-২৩৪৯০ (গ্রেড-১৫) | ১১ | |
| ১০ | মেশিনিষ্ট-সি | টাকা-৯৭০০-২৩৪৯০ (গ্রেড-১৫) | ২ | |
| ১১ | ফিটার-সি | টাকা-৯৭০০-২৩৪৯০ (গ্রেড-১৫) | ২ | |
| ১২ | মেকানিক-সি | টাকা-৯৭০০-২৩৪৯০ (গ্রেড-১৫) | ৬ | |
| ১৩ | টাগ বোড ড্রাইভার | টাকা-৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ১ | |
| ১৪ | ওয়েল্ডার-বি | টাকা-৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ৮ | |
| ১৫ | ইলেকট্রিশিয়ান-বি | টাকা-৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ২৭ | |
| ১৬ | মেশিনিষ্ট-বি | টাকা-৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ৪ | |
| ১৭ | ফিটার-বি | টাকা-৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ৭ | |
| ১৮ | অপারেটর-বি | টাকা-৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ১৫ | |
| ১৯ | মেকানিক-বি | টাকা-৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ১০ | |
| ২০ | ওয়েল্ডার-এ | টাকা-৮৮০০-২১৩১০ (গ্রেড-১৮) | ২০ | |
| ২১ | ইলেকট্রিশিয়ান-এ | টাকা-৮৮০০-২১৩১০ (গ্রেড-১৮) | ৮০ | |
| ২২ | মেশিনিষ্ট-এ | টাকা-৮৮০০-২১৩১০ (গ্রেড-১৮) | ১৫ | |
| ২৩ | ফিটার-এ | টাকা-৮৮০০-২১৩১০ (গ্রেড-১৮) | ১৪ | |
| ২৪ | অপারেটর-এ | টাকা-৮৮০০-২১৩১০ (গ্রেড-১৮) | ৫০ | |
| ২৫ | মেকানিক-এ | টাকা-৮৮০০-২১৩১০ (গ্রেড-১৮) | ৫০ | |
| ২৬ | রিগার-এ | টাকা-৮৮০০-২১৩১০ (গ্রেড-১৮) | ৪ | |
| | | **২৬ ক্যাটাগরির মোট =** | **৪৭৪** | |

২। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২০২০ সালের ১৩ম সভায় গৃহীত সিদ্ধান্ত (মন্ত্রিপরিষদ বিভাগের ২৮-১০-২০২০ তারিখের স্মারক নং-০৪.০০.০০০০.৭১১.০৬.০১৩.২০.২৬৯) মোতাবেক পদ সংরক্ষণ ও পদ স্থায়ীকরণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/ক:বি:শা:/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে।

৩। অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অধিশাখার ০৩-১১-২০১৪ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১২৮.৪২.০১৪.১১-১৩০ মোতাবেক :

(ক) সুপারিশকৃত পদগুলোর মধ্যে যে সকল পদ বাপাউবোর নিয়োগ বিধিমালায় অন্তর্ভুক্ত নেই সে সব পদ যথানিয়মে উক্ত নিয়োগ বিধিমালায় অন্তর্ভুক্ত করতে হবে;

(খ) সুপারিশকৃত ৪র্থ শ্রেণির শূন্য পদে নতুন লোক নিয়োগের ক্ষেত্রে অর্থ বিভাগের ০৭-০৮-২০০৮ খ্রিঃ তারিখের অম/অবি/ব্যা:নি:-৫/বিবিধ-১/২০০৭/৫৯৭ নং স্মারকের মাধ্যমে জারীকৃত আউট সোর্সিং (Out Sourcing) নীতিমালা অনুসরণ করতে হবে;

(গ) প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক সুপারিশকৃত পদ বিলুপ্তি ও সৃজনের সরকারি আদেশ জারির পর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সাংগঠনিক কাঠামোতে উক্ত জনবল অন্তর্ভুক্ত করে অর্থ বিভাগ-কে অবহিত করতে হবে;

(ঘ) বাপাউবোর অনুমোদিত জনবলের সাথে সংগতি রেখে জরুরী ভিত্তিতে এ প্রতিষ্ঠানের জন্য তথ্য ও প্রযুক্তি বিভাগে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি নিয়ে প্রয়োজনীয় জনবল সৃষ্টির উদ্যোগ গ্রহণ করতে হবে।

৪। অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ০৬-০৫-২০১৫ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১৬৩.৪২.০০২.১২(অংশ)-৮৪ নং স্মারকের শর্ত অনুসরণে নির্ধারণকৃত বেতন স্কেল/বেতন প্রদত্ত যোগ্যতা/অভিজ্ঞতা ও শর্ত অনুসারে কার্যকর হবে।

৫। অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ২০-১০-২০১৫ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১৬৩.৪২.০০২.১২(অংশ)-১৫৮ নং স্মারকের অনসরণে খসড়া চাকরি প্রবিধানমালার ভিত্তিতে বেতন স্কেল সুপারিশ করা হয়েছে সে ক্ষেত্রে উল্লিখিত নিয়োগ যোগ্যতা প্রতিষ্ঠানের চাকরি প্রবিধানমালা তফসিলভুক্ত করতে হবে।

৬। অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ০৯-১১-২০১৬ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১৬৩.৪২.০০২.১২(অংশ-২)-১০৫ নং স্মারকের অনুসরণে :

(ক) নির্ধারণকৃত বেতন গ্রেড/সেবামূল্য নির্ধারিত যোগ্যতা/অভিজ্ঞতা কার্যকর হবে;

(খ) উপ-পরিচালক (প্রশাসন, জিওলজি, ভূমি ও রাজস্ব, অহিনি)/উপ-সচিব/অতিরিক্ত পরিচালক (অহিনি) (৫ম গ্রেডভুক্ত) এবং সহকারী পরিচালক (৯ম গ্রেডভুক্ত) এর মাঝে সংগতিপূর্ণ স্কেল (৬ষ্ঠ গ্রেডভুক্ত) পদ সৃজনপূর্বক বিদ্যমান চাকরি প্রবিধানমালার তফসিলভুক্ত করে পদসোপান সংগতিপূর্ণ করতে হবে। নিয়োগ বিধিতে গবেষণা কর্মকর্তা ও সহকারী প্রধান পদের পদ সোপান (Hierarchy) সঙ্গাতিপূর্ণ করতে হবে। এছাড়া অন্যান্য পদের ক্ষেত্রেও যেখানে পদ সোপান সঙ্গাতিপূর্ণ নয় তা প্রমিতকরণ (Standarised) করতে হবে;

(গ) উপরে খ-এ বর্ণিত শর্তের ব্যত্যয় ঘটিয়ে পরবর্তী সময়ে নতুন নিয়োগপ্রাপ্ত/পদোন্নতিপ্রাপ্ত উপ-পরিচালক/উপ-সচিব/অতিরিক্ত পরিচালকগণের ক্ষেত্রে ৫ম গ্রেড কার্যকর করা যাবে না;

(ঘ) যে সকল পদে খসড়া চাকরি প্রবিধানমালার ভিত্তিতে বেতন গ্রেড সুপারিশ করা হয়েছে, সে ক্ষেত্রে উল্লিখিত নিয়োগ যোগ্যতা/অভিজ্ঞতা অনুযায়ী প্রতিষ্ঠানের চাকরি প্রবিধানমালার তফসিলভুক্ত করে চূড়ান্ত করতে হবে;

(ঙ) নতুন সৃজিত ৪র্থ শ্রেণির সকল পদ আউট সোর্সিং ভিত্তিতে সেবামূল্য প্রযোজ্য হবে; তবে, কাঠামোতে পূর্বে বিদ্যমান ৪র্থ শ্রেণির পদে বর্তমান কর্মরত পদধারীগণ নির্ধারিত বেতন গ্রেড প্রাপ্য হবেন এবং কর্মরত জনবলের অবসর, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হলে আউট সোর্সিং ভিত্তিতে সেবামূল্য প্রযোজ্য হবে।

৭। অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ০২-০৭-২০১৯ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১৬৪.৪২.০০২.১২ (অংশ-৩)-৭৩ নং স্মারকের শর্ত অনুসরণে

(ক) উপরের ছকের ৪নং কলামের পুনঃনির্ধারণকৃত বেতনগ্রেড ৫নং কলামের শর্তানুযায়ী কার্যকর হবে;

(খ) এতদসংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৩-১০-২০১১ খ্রিঃ তারিখের ০৫.১৫৭.০২৮.০৩.০১.০১৯.২০০৬(অংশ-১)-২২৭ স্মারক ও অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগের ০৩-১১-২০১৪ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১২৮.৪২.০১৪.১১-১৩০ নং স্মারকের প্রদত্ত শর্তাদি যথাযথভাবে প্রতিপালন করতে হবে;

(গ) বেতনগ্রেড পুনঃনির্ধারণকৃত পদের মঞ্জুরি আদেশ (জি.ও) অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক পৃষ্ঠাংকন করতে হবে; এবং

(ঘ) এ বিষয়ে বিদ্যমান বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৮। এতদসংক্রান্ত প্রচলিত অন্যান্য বিধি-বিধান ও আনুষ্ঠানিকতা অনুসরণ করতে হবে।

৯। উপর্যুক্ত অস্থায়ী পদের বেতন ও ভাতাদিসহ আনুষঙ্গিক ব্যয় ২০২০-২০২১ অর্থ বছরে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় প্রাতিষ্ঠানিক কোড-১৩১০১৬০০০, অর্থনৈতিক কোড-৩৬৩১, সাধারণ মঞ্জুরি ও অন্যান্য মঞ্জুরি বেতন বরাদ্দ সহায়তা খাতে বরাদ্দকৃত অর্থ থেকে এ ব্যয় নির্বাহ করতে হবে।

১০। এ আদেশ প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২০২০ সালের ১৩ম সভার সিদ্ধান্ত, যথাযথ কর্তৃপক্ষ এবং মাননীয় প্রতিমন্ত্রী'র ১৯-১১-২০২০ তারিখের অনুমোদনক্রমে জারি করা হলো।

**মোঃ আলমগীর হোসেন**
উপসচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২৪ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ/০৯ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৭.১৬.৮৩**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951)-এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জে,এল, নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | সাত সিমুলিয়া | ৪৮ | ১৩০৮ | বগুড়া সদর | বগুড়া |
| ২ | শাখারিয়া | ৬৫ | ১১৪১ | বগুড়া সদর | বগুড়া |
| ৩ | মেঘাগাছা | ৯৪ | ১০৫৪ | বগুড়া সদর | বগুড়া |
| ৪ | চিলুপাড়া | ৮৩ | ৭১৮ | বগুড়া সদর | বগুড়া |
| ৫ | শ্বশানকান্দি দক্ষিণ পাড়া | ১৫১ | ৪১৯ | বগুড়া সদর | বগুড়া |
| ৬ | রামকৃষ্ণপুর | ১৫৯ | ১৭৫ | বগুড়া সদর | বগুড়া |
| ৭ | আসেকপুর | ১৮২ | ৭৪৮ | বগুড়া সদর | বগুড়া |
| ৮ | কালুদাম | ২১১ | ৩৯৯ | বগুড়া সদর | বগুড়া |
| ৯ | দাঁড়িগাছা | ২৩৪ | ১৫৫৯ | বগুড়া সদর | বগুড়া |
| ১০ | আলগ ছত্র | ১৪৫ | ৫৪০ | কাহালু | বগুড়া |
| ১১ | পরিশেষ | ১৫১ | ৭২৯ | কাহালু | বগুড়া |
| ১২ | বজ্ঞা | ১৩১ | ৬৮০ | শেরপুর | বগুড়া |
| ১৩ | বেলগাছি | ১৬৭ | ৪৮২ | শেরপুর | বগুড়া |
| ১৪ | কালিয়াকৈর বালক দাস | ২১৯ | ২২৮ | শেরপুর | বগুড়া |
| ১৫ | কাজিপাড়া | ৬০ | ২৫৬ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| ১৬ | কাশিয়া বাড়ী | ১৪৮ | ১৭৩ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃঙ্খলা অধিশাখা**

**আদেশ**

তারিখ : ২৩ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ/০৮ মার্চ ২০২১ খ্রি.

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.১৫৩.১৯-৯১**—যেহেতু ডা. মোহাম্মদ আহাদ হোসেন (১০০৪৮১৬), জুনিয়র কনসালটেন্ট (অ্যানেসথেশিয়া), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর (সংযুক্ত কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা) এর বিরুদ্ধে গত ৩০-০৮-২০১৯ খ্রি. হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে ১৪-১১-২০১৯ খ্রি. তারিখের ৬৪৫ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন;

যেহেতু গত ১৭-০১-২০২১ খ্রি. তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং বিধি মোতাবেক তার বক্তব্য লিপিবদ্ধ করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য পর্যালোচনায় দেখা যায় যে, অভিযোগে উল্লিখিত সময়ে (৩০-০৮-২০১৯ খ্রি.) শিক্ষা ছুটিতে থাকা অবস্থায় তার বদলির আদেশ প্রদান করা হয়েছে এবং শিক্ষা ছুটি শেষ করে তিনি যথানিয়মে চাকুরীতে যোগদান করেছেন বিধায় তার চাকুরীতে বিরতি ঘটেনি;

যেহেতু ডা. মোহাম্মদ আহাদ হোসেনের বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানি সন্তোষজনক হওয়ার প্রেক্ষিতে তাকে উক্ত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হল এবং ভবিষ্যতে সরকারি আদেশ-নির্দেশ প্রতিপালনে তাকে অধিকতর সর্তকতা অবলম্বনের জন্য বলা হলো। অভিযোগে বর্ণিত সময়কে নিয়মিত চাকুরীকাল হিসেবে গণ্য করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আবদুল মান্নান**
সচিব।

---

**ঔষধ প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ ফাল্গুন ১৪২৭/০৭ মার্চ ২০২১

নং **৪৫.০০.০০০০.১৮২.০৬.০১১.০৮-৪৮**—অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স কনটেইনমেন্ট ইন বাংলাদেশ (২০১৭-২০২২)" শীর্ষক জাতীয় কর্মপরিকল্পনা মোতাবেক বাংলাদেশে Antimicrobial Consumption (AMC)/Antimicrobial Use (AMU) Monitoring এর লক্ষ্যে নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে 'Task Force to Monitor Antimicrobial Consumption/Use in Bangladesh' গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| 01. | Director General, Directorate General of Drug Administration | Chair Person |
| 02. | Director CDC, Directorate General of Health Services (DGHS) | Co-Chair |
| 03. | Director (Animal Health & Admin), Department of Livestock Services | Co-Chair |
| 04. | Director (Hospital), Directorate General of Health Services, Dhaka | Member |
| 05. | Director, IEDCR. | Member |
| 06. | Prof. Md. Sayedur Rahman, Chairman, Department of Pharmacology, DSMMU | Member |
| 07. | Mr. Md. Salahuddin, Deputy Director, Directorate General of Drug Administration. | Member |
| 08. | Deputy Director, Animal Health & OIE focal point, Department of Livestock Services. | Member |
| 09. | Deputy Director, Department of Environment | Member |
| 10. | Assistant Director & OIE aquatic focal point, Department of Fisheries | Member |
| 11. | Dr. Aninda Rahman, Deputy Program Manager, AMC, viral hepatitis and diarrhea control program. CDC. DGHS. | Member |
| 12. | President, BMDC. | Member |
| 13. | Secretary General, Bangladesh Association of Pharmaceutical Industries (BAPI). | Member |
| 14. | professor M A Faiz, Ex-DG, Directorate General of Health Services. | Member |
| 15. | Prof. Mahmudur Rahman, Epidemiologist and Former Director. IEDCR. | Member |
| 16. | President, Society of Microbiologist. | Member |
| 17. | Prof. Sitesh Chandra Bachar. Department of Pharmacy, University of Dhaka. | Member |
| 18. | AMR Focal point. WHO Country office, Bangladesh. | Member |
| 19. | Country Team Leader, FAO ECTAD Bangladesh. | Member |

| | | |
|---|---|---|
| 20. | Representative from USP-PQM. | Member |
| 21. | Representative from USAID. | Member |
| 22. | Director, PEI, icddr,b. | Member |
| 23. | President, Bangladesh Society of Medicine. | Member |
| 24. | Dr. Nitish Debnath, Team Lead, Fleming Fund Country Grant. | Member |
| 25. | Ms. S. M. Sabrina Yesmin, Assistant Director, Directorate General of Drug Administration. | Member-Secretary |

০২. Terms of Reference :

1. Approval of the methodology to study antimicrobial consumption and antimicrobial use in Bangladesh with appropriate modification of the WHO/OIE methodology.
2. Periodic review and approval of the National Antimicrobial Consumption and Antimicrobial Use Survey Activity & Report.
3. Monitor and evaluate the implementation status of the National Antimicrobial Consumption and Antimicrobial Use surveillance.
4. Formation of sub-committee/Working Committee to work closely with special priorities on Antimicrobial Containment issues.
5. Meet every six month or at shorter intervals when required.
6. Co-opt expert member(s) if and when necessary.

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মোস্তাফিজুর রহমান**
সহকারী সচিব।

---

**[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত]**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ ফাল্গুন ১৪২৭/১১ মার্চ ২০২১

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৫.১৯-১৮৪**—বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহীর গত ১০-০৩-২০২১ খ্রিঃ তারিখের ০৫.৪৩.৮১০০.০১৭.১১.০২৯.১৯-২৫২, নম্বর স্মারক মূলে প্রাপ্ত পত্রের পরিপ্রেক্ষিতে অভিযুক্ত ব্যক্তিগণের বিরুদ্ধে দণ্ডবিধি, ১৮৬০ এর ১২৩(ক) এবং ১২৪(ক) ধারায় মামলা দায়েরের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ (ক) ধারার বিধান মোতাবেক সরকারের Consent জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ আমিনুল ইসলাম**
উপসচিব।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৯ ফাল্গুন ১৪২৭/১৪ মার্চ ২০২১

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৬.১৯-১৯৮**—নাটোর জেলার সিংড়া থানার মামলা নং-০৯, তারিখ : ১৩-০৬-২০১৬ খ্রিঃ এ উল্লিখিত আসামীদের বিরুদ্ধে বিজ্ঞ আদালতে অভিযোগপত্র দাখিলের নিমিত্ত ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৬.১৯-১৯৯**—নাটোর জেলার নলডাঙ্গা থানার মামলা নং-১১, তারিখ : ২৯-১০-২০১৮ খ্রিঃ এ উল্লিখিত আসামীদের বিরুদ্ধে বিজ্ঞ আদালতে অভিযোগপত্র দাখিলের নিমিত্ত ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৬.১৯-২০০**—নাটোর জেলার নলডাঙ্গা থানার মামলা নং-০৯, তারিখ : ২১-১০-২০১৮ খ্রিঃ এ উল্লিখিত আসামীদের বিরুদ্ধে বিজ্ঞ আদালতে অভিযোগপত্র দাখিলের নিমিত্ত ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৬.১৯-২০১**—নাটোর জেলার সদর থানার মামলা নং-০১, তারিখ : ০১-০৪-২০১৭ খ্রিঃ এ উল্লিখিত আসামীদের বিরুদ্ধে বিজ্ঞ আদালতে অভিযোগপত্র দাখিলের নিমিত্ত ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৬.১৯-২০২**—নাটোর জেলার সদর থানার মামলা নং-৪০, তারিখ : ২০-০৯-২০১৮ খ্রিঃ এ উল্লিখিত আসামীদের বিরুদ্ধে বিজ্ঞ আদালতে অভিযোগপত্র দাখিলের নিমিত্ত ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ আমিনুল ইসলাম**
উপসচিব।

---

## প্রতিরক্ষা মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ : ০৫ ফাল্গুন ১৪২৭/১৮ ফেব্রুয়ারি২০২১

নং **২৩.০০.০০০০.২৫০.২৭.০৩৪.১৯-৪৮**—যেহেতু, জনাব মোঃ আবদুর রব (১৪৫৩), উপসহকারী প্রকৌশলী, ক্ষুদ্রাস্ত্র বিভাগ, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা CNC VERTICAL MILLING MACHINE (Model: VN 8555) আমদানির পূর্বে সমরাস্ত্র কারখানার ০২ সদস্য বিশিষ্ট প্রতিনিধি দলের সদস্য হিসাবে ২১ নভেম্বর ২০১৬ থেকে ০৫ ডিসেম্বর ২০১৬তারিখ পর্যন্ত ১৫ দিন প্রশিক্ষণ গ্রহণ করেন এবং ০৬ ডিসেম্বর ২০১৬ থেকে ০৮ ডিসেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত ০৩ দিন প্রাক-জাহাজীকরণ সম্পন্ন করেন;

যেহেতু, অভিযুক্ত জনাব মোঃ আবদুর রব (১৪৫৩) কর্তৃক প্রদত্ত প্রাক-জাহাজীকরণ রিপোর্ট অনুসারে Connecting sleeve body component of Rifle BD-08 তৈরির জন্য টাকা ২,০০,০০,০০০/- (দুই কোটি টাকা) দিয়ে একটি 5 Axis CNC VERTICAL MILLING MACHINE (Model: VN 8555) ক্রয় করা হয় এবং পরিচালক উৎপাদন উক্ত মেশিনের ক্যাটালগ পর্যালোচনা করে Model: VN 8555 CNC VERTICAL MILLING MACHINE 5 Axis এর পরিবর্তে 3 Axis CNC VERTICAL MILLING MACHINE চিহ্নিত করেন; এবং

যেহেতু, উক্ত মেশিনটি থেকে একটিও Connecting sleeve body তৈরি না করে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে এ বিষয়ে অবহিত না করে তিনি সরবরাহকৃত CNC VERTICAL MILLING MACHINE এর ব্যবহারিক পরীক্ষার কার্যোপযোগী বলে সুপারিশ করেন; এবং

যেহেতু, একজন সরকারি কর্মচারী হিসাবে তিনি চুক্তিপত্র অনুযায়ী বৈদেশিক প্রশিক্ষণের সময় Connecting sleeve body component তৈরি করেননি, PSI রিপোর্ট Connecting sleeve body component তৈরি না করার বিষয়টি উল্লেখ করেননি, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা মেশিনটি স্থাপনের পরও বৈদেশিক বিশেষজ্ঞের উপস্থিতিতে প্রশিক্ষণ চলাকালীন Connecting sleeve body component তৈরি করেননি এবং উপপরিচালক ক্ষুদ্রাস্ত্রকে/উর্ধ্বতন কর্তৃপক্ষকে না জানিয়ে মেশিনটির ব্যবহারিক কার্যোপযোগিতার রিপোর্ট প্রদান করেছেন;

যেহেতু, একজন সরকারি কর্মচারী হিসাবে তাঁর উল্লিখিত কর্মকাণ্ড ও আচরণ The Civilian Employees in Defence Services (Classification, Control and Appeal) Rules-1961 এর ৭(২) বিধি অনুযায়ী অসদাচরণের শামিল;

যেহেতু, অভিযুক্ত জনাব মোঃ আবদুর রব (১৪৫৩), উপসহকারী প্রকৌশলী-কে The Civilian Employees in Defence Services (Classification, Control and Appeal) Rules-1961 এর ৭(২) উপবিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করে উক্ত বিধিমালার ৮(১)(গ) উপবিধি অনুযায়ী গুরুদণ্ডের আওতায় কেন তাঁকে এক বা একাধিক শাস্তি প্রদান করা হবে না, তা এ বিধিমালার ৯(৪)(বি) উপবিধি অনুযায়ী এ অভিযোগনামা পাওয়ার ১৪ (চৌদ্দ) কর্মদিবসের মধ্যে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, প্রাথমিক তদন্ত প্রতিবেদন, কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানী পর্যালোচনা এবং তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন অনুযায়ী তাঁর বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

সেহেতু, The Civilian Employees in Defence Services (Classification, Control and Appeal) Rules-1961 এর উপবিধি ৭(২) অনুযায়ী তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ 'অসদাচরণ' এর দায় থেকে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সেলিনা হক**
অতিরিক্ত সচিব।

---

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
## স্বাস্থ্য সেবা বিভাগ
## শৃঙ্খলা অধিশাখা

### আদেশ

তারিখ : ১১ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ/২৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রি.

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০৬৫.২০-৬৮**—যেহেতু, ডা. মোহাম্মদ হাসানুল হোসেন (১২৫৭২১), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মদন, নেত্রকোণা (প্রাক্তন আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ত্রিশাল, ময়মনসিংহ) এর বিরুদ্ধে গত ২৪-০৬-২০১৯ খ্রি. হতে ০১-০৯-২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত মোট ৬৮ (আটষট্টি) দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক অসদাচরণ ও পলায়নের দায়ে ০৭-০৯-২০২০ খ্রি. তারিখের ৩১৫ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন;

যেহেতু গত ২৩-১২-২০২০ খ্রি. তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং বিধি মোতাবেক তার বক্তব্য লিপিবদ্ধ করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য পর্যালোচনায় দেখা যায় যে, তিনি অভিযোগে উল্লিখিত ৬৮ দিন (২৪-০৬-২০১৯-১-৯-২০১৯) কর্মে অনুপস্থিত ছিলেন না বিধায় তার চাকুরীতে বিরতি ঘটেনি;

সেহেতু ডা. মোহাম্মদ হাসানুল হোসেনের বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানি সন্তোষজনক হওয়ায় তাকে অসদাচরণ ও পলায়নের দায় হতে অব্যাহতি প্রদান করা হল এবং অভিযোগে বর্ণিত ৬৮ (আটষট্টি) দিনকে নিয়মিত চাকুরীকাল হিসেবে গণ্য করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বলা হল। পাশাপাশি তাকে ভবিষ্যতে সরকারি আদেশ-নির্দেশ প্রতিপালনে অধিকতর সতর্কতা অবলম্বনের জন্য নির্দেশ প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আবদুল মান্নান**
সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ/২৫ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০৭৭.২০২০-৭০**—যেহেতু, ডা. এএসএম সাখাওয়াত হোসেন (১২৫১৫৫), সহকারী রেজিস্ট্রার, চক্ষু বিভাগ, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী ২০১২ সালের পর্নোগ্রাফি নিয়ন্ত্রণ আইনের ৮(১) ধারা এবং ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন দমন আইনের ৯(১) ধারায় রাজশাহী মেট্রোপলিটন পুলিশের রাজপাড়া থানায় দায়েরকৃত মামলা নং-১৪, তারিখ ২৫-০৭-২০২০ খ্রি. এর প্রেক্ষিতে গ্রেপ্তার হয়ে জেল-হাজতে অন্তরীণ আছেন;

যেহেতু বাংলাদেশ সার্ভিস রুলস (বিএসআর) পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারি অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ/জেল-হাজতে প্রেরণের তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু ডা. এএসএম সাখাওয়াত হোসেনকে বিএসআর পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ২৫-০৭-২০২০ খ্রি. থেকে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোশ ভাতা প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আবদুল মান্নান**
সচিব।